কোটচাঁদপুরে সাবেক ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাসের মৃত্যু

না ফেরার দেশে চলে গেলেন কোটচাঁদপুরের দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও সাবেক চেয়ারম্যান কাবিল উদ্দিন বিশ্বাস(৭৫)। গতকাল মঙ্গলবার রাতে চিকিৎসাধীন অবস্থায় যশোর হাসপাতালে মারা যান তিনি। তাঁর মৃত্যুতে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনাা জানিয়েছেন সাবেক সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল।

পারিবারিক সুত্রে জানা যায়,কাবিল উদ্দিন বিশ্বাস(৭৫)। তিনি কোটচাঁদপুরের দয়ারামপুর গ্রামের মৃত মঈনুদ্দিন বিশ্বাসের ছেলে। কাবিল উদ্দিন দীর্ঘদিন কিটনী,ডায়াবেটিক রোগে রোগাক্রান্ত ছিলেন। গতকাল মঙ্গলবার (২৭ আগস্ট) তারিখে তিনি অসুস্থ্য বোধ করেন। এ সময় তাঁর স্বজনরা তাকে প্রথমে কোটচাঁদপুর হাঁসপাতালে নিয়ে যান।

জরুরি বিভাগের চিকিৎসক কাবিল উদ্দিন বিশ্বাসকে দেখে যশোর হাসপাতালে রেফার্ড করেন। স্বজনরা তাকে যশোর হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করান। এরপর চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার রাতে তিনি চলে যান না ফেরার দেশে। মৃত্যুর সময় তিনি স্ত্রী ৪ পুত্র ২ কন্যাসহ অসংখ্য গুনাগ্রাহী রেখে গেছেন।

আজ বুধবার দুপুর ১ টার সময় জানাযা শেষে পারিবারিক কবর স্থানে মরহুমের দাফন সম্পন্ন হবে বলে জানিয়েছেন স্বজনরা।
তিনি কোটচাঁদপুর দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ছিলেন। এ ছাড়া তিনি ওই ইউনিয়নের ২ বারের চেয়ারম্যান ও ছিলেন। তাঁর মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছেন পরিবার ও দলীয় নেতা- কর্মীদের মধ্যে।

এদিকে মৃত্যুর খবর পেয়ে ফেসবুকে এক আবেগ ঘন স্ট্যাটাস দিয়েছেন,ঝিনাইদহ – ৩ আসনের সাবেক সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল। তিনি ওই স্ট্যাটাসে বলেছেন, কাবিল উদ্দিন বিশ্বাস ছিলেন,কোটচাঁদপুরের দোড়া ইউনিয়ন আওয়ামী লীগের সংগ্রামী সভাপতি ও সাবেক ইউপি চেয়ারম্যান।